অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে 10/4/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল জেফারসন কাউন্টিতে স্থিতিশীলতা প্রকল্পের নির্মাণ কাজ শুরুর ঘোষণা করেছেন

কেপ ভিনসেন্ট টাউনের কাউন্টি রোড 6 এর 1.1 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের উন্নয়নের ফলে বাড়ির মালিকদের জন্য এটি ব্যবহার করার অধিকার বজায় থাকবে এবং রোডওয়ের কাউন্টি রক্ষণাবেক্ষণ হ্রাস পাবে

নিউ ইয়র্ক স্টেটের 300 মিলিয়ন মার্কিন ডলার স্থিতিশীলতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগের অংশ

গভর্নর হোচুল আজকে স্থিতিশীলতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগ (Resiliency and Economic Development Initiative, REDI) কর্তৃক জেফারসন কাউন্টিকে প্রদত্ত একটি স্থিতিশীলতা প্রকল্পের নির্মাণ কাজ শুরুর ঘোষণা দিলেন। কেপ ভিনসেন্ট টাউনের লেক অন্টারিও উপকূলে, কেপ ভিনসেন্ট গ্রাম ও টিবেটস পয়েন্টের মাঝখানে অবস্থিত কাউন্টি রোড 6 স্থানীয় বাসিন্দাদের ও টিবেটস পয়েন্ট লাইটহাউজের জন্য ব্যবহারের সুযোগ করে দেয়। রোডওয়ে ও এর শোল্ডার উপকূলের ভূমিক্ষয় এবং বন্যা, বাতাস, ঢেউ সৃষ্ট রাবিশ জমা হওয়ার সমস্যায় ভুগে এবং এই কারণে বিশেষভাবে দুর্বল, যেহেতু এটি সরাসরি সেইন্ট লরেন্স নদীসংলগ্ন ও লেক অন্টারিওর পূর্ব প্রান্তে অবস্থিত। বন্যা ও ঝড়ের ঘটনায় এই রাস্তা ব্যবহার এবং এই রাস্তায় যাতায়াতরত বাসিন্দাদের নিরাপত্তা বিঘ্নিত হয়, যার ফলে জেফারসন কাউন্টি এবং কেপ ভিনসেন্ট টাউনের হাইওয়ে ডিপার্টমেন্টের কর্মীদের রোডওয়েটি পর্যবেক্ষণ ও পর্যায়ক্রমে বন্ধ, পরিষ্কার ও মেরামত করতে হয়।

যেহেতু রাস্তার পাশের শোল্ডারের কিছু অংশ দুর্বল হয়েছে, বাসিন্দারা এই রাস্তা দিয়ে নিরাপদে তাদের বাড়িতে পৌঁছা নিয়ে চিন্তিত। কাউন্টি রোড 6 এর অবনমিত অংশ ঠিক করতে REDI কমিশন জেফারসন কাউন্টিকে 1.1 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

এই প্রকল্পে বাস্তবায়িত স্থিতিশীলতা ব্যবস্থার মধ্যে থাকবে কাউন্টি রোড 6 এর ক্ষতিগ্রস্ত অংশের উপকূল মেরামত, এবং রোডওয়ের শোল্ডার মেরামত। ভারি রিপ র‍্যাপ স্থাপনের মাধ্যমে উপকূল মেরামত সম্পন্ন হবে, যা বায়ু, ঢেউ ও বরফের হাত থেকে সুরক্ষা প্রদান করবে। সম্পূর্ণ প্রকল্পটি নিরাপদতর রাস্তা প্রদান করবে এবং কাউন্টি অ্যান্ড টাউন হাইওয়ে ডিপার্টমেন্টের (County and Town Highway Department) বন্যা সম্পর্কিত তত্ত্বাবধান হ্রাস করবে।

"লেক অন্টারিও ও সেইন্ট লরেন্স নিদের পানিসংলগ্ন এলাকার সম্প্রদায়সমূহ সাম্প্রতিক বছরগুলিতে কঠিন পরীক্ষার সম্মুখীন হয়েছে, কিন্তু নিউ ইয়র্ক স্টেট জলবায়ু পরিবর্তনের প্রভাবের বিরুদ্ধে লড়াইয়ে তাদের সাহায্য করতে পথ প্রদর্শন করছে," **গভর্নর হোচুল বলেন।** "জেফারসন কাউন্টির কাউন্টি রোড 6 প্রকল্পটি বন্যা ও আবহাওয়া ঘটনায় ক্ষতির সমাধান করবে এবং আরো বুদ্ধিমান ও শক্তিশালী হিসেবে পুনর্গঠনে সাহায্য করবে। আমাদের ব্যবসাসমূহ এবং বাসিন্দারা নিরাপদ আছে এবং ভবিষ্যতে অর্থনীতিকে শক্তিশালী করা অব্যাহত রাখছে এটি নিশ্চিত করতে উন্নত অবকাঠামো অতি জরুরি।"

স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (State Department of Transportation, DOT) কমিশনার মারি টেরেস ডমিনগুয়েজ বলেন,"জেফারসন কাউন্টির বাসিন্দারা বন্যার মতো বিরূপ আবহাওয়া, ঢেউ ও ভূমিক্ষয়ের ক্ষতিকর প্রভাব দ্বারা সরাসরি ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়েছে -এর সবই রাস্তা ও অবকাঠামোর ক্ষতি করেছে। "REDI কমিশন এবং আমাদের স্টেট ও স্থানীয় অংশীদারদের মাধ্যমে, DOT সেন্ট লরেন্স যদি ও লেক অন্টারিও সংলগ্ন উপকূলীয় সম্প্রদায়সমূহের জন্য আরো স্থিতিশীল পরিবহন নেটওয়ার্ক পুনর্নির্মাণ করে যাচ্ছে - এমন নেটওয়ার্ক যা জলবায়ু পরিবর্তনের প্রভাব আরো ভালোভাবে সহ্য করতে পারবে এবং বাসিন্দা ও জরুরি সেবাদানকারীদের নিরাপদে বাধাহীনভাবে যাতায়াত করতে দিবে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির (New York Power Authority, NYPA) প্রধান নির্বাহী কর্মকর্তা জিল সি. কিনিওনেস বলেন, "পানির সীমা ও বন্যা বৃদ্ধির ফলে জলবায়ু পরিবর্তনের প্রভাবের দিক দিয়ে নর্থ কাউন্টি সম্মুখ কাতারে রয়েছে। NYPA তে আমরা REDI ও কেপ ভিনসেন্টের এই প্রকল্পের মতো অবকাঠামো প্রকল্পে বিনিয়োগের মাধ্যমে স্থানীয় সম্প্রদায়কে পুনরুদ্ধার ও আরো শক্তিশালী পুনর্নির্মাণে সাহায্য করতে তাদের প্রচেষ্টাকে সমর্থন করতে পেরে আনন্দিত।"

স্টেট সিনেটর প্যাটি রিচি বলেন, "আমার সন্তানেরা যখন ছোট ছিল, আমাদের প্রিয় গ্রীষ্মকালীন কাজের মধ্যে একটি ছিল কেপ ভিনসেন্টে থাকা এবং সাইকেলে চালিয়ে টিবেটস পয়েন্ট লাইটহাউজে যাওয়া, গন্তব্যটি ইতিহাস ও সুন্দর দৃশ্যে পরিপূর্ণ তাই প্রতি বছর অনেকে সেখানে বেড়াতে যায়। কাউন্টি রোড 6 এবং টিবেটস পয়েন্টের এই জরুরি উন্নয়নে যুগান্তকারী কাজ দেখে আমি আনন্দিত। একবার শেষ হয়ে গেলে, রোডওয়েটি বেড়ে যাওয়া পানি থেকে বেশি সুরক্ষিত থাকবে এবং পাশাপাশি লাইটহাউজ ও অন্যান্য গন্তব্যে যাওয়ার সময় পর্যটক, বাসিন্দা ও জরুরি সেবাদানকারীরা আরো বিশ্বস্ত, নিরাপদ একটি যাত্রাপথ লাভ করবে।"

অ্যাসেম্বলিমেম্বার মার্ক ওয়ালজিক বলেন, "2017 সাল থেকে, আমরা দেখেছি কিভাবে বন্যা এই অঞ্চলের অবকাঠামোকে পঙ্গু করে দিচ্ছে এবং তাই আমরা পানি বেড়ে যাওয়ার সংকটময় ঘটনা সামলাতে সক্ষম করে রোডওয়েগুলিকে প্রস্তুত করা নিশ্চিত করছি। "টিবেটস পয়েন্ট REDI প্রকল্পটি ভবিষ্যৎ যেকোনো বন্যার বিরুদ্ধে লড়াই করার জন্য আরো সুরক্ষিত রাখতে উপকূলকে মজবুত করবে। কেপ ভিনসেন্টের বাসিন্দারা যারা প্রতিদিন এই রাস্তায় যাতায়াত করেন তারা স্টেট তহবিলের এই বিচক্ষণ বিনিয়োগের সুবিধা ভোগ করবে।"

জেফারসন কাউন্টির চেয়ারপার্সন স্কট গ্যারি বলেন, "টিবেটস পয়েন্ট হিসেবে পরিচিত কাউন্টি রোড 6 এর পুনর্নির্মাণ হল পানি বেড়ে যাওয়ার ঘটনায় ও রাস্তার শোল্ডার ও উপকূলের ভূমিক্ষয়ের সময় আমাদের রাস্তাকে সুরক্ষা প্রদানের জন্য সেইন্ট লরেন্স নদী ও লেক অন্টারিওর উপকূলে আমাদের স্থিতিশীলতা পুনর্গঠনের ধারাবাহিকতা। আসন্ন সময়ের জন্য আমাদের পানিসংলগ্ন সম্প্রদায়সমূহকে উন্নত করা অব্যাহত রাখতে REDI প্রকল্পগুলি নিউ ইয়র্ক স্টেট, জেফারসন কাউন্টি এবং স্থানীয় টাউনগুলির সমবেত প্রচেষ্টা।"

কেপ ভিনসেন্ট টাউনের সুপারিন্টেন্ডেন্ট বিল পন্ড বলেন, "টিবেটস পয়েন্ট REDI প্রকল্পটি শেষ করতে সহায়ক সেবা দিয়ে জেফারসন কাউন্টিকে সমর্থন করার জন্য কাজ করতে পেরে কেপ ভিনসেন্ট টাউন গর্বিত। একবার শেষ হয়ে গেলে এটি সম্প্রদায়কে মানসিক শান্তি প্রদান করবে যে তারা বন্যা ও ঝড়ের সময়ও তাদের বাড়িতে যাতায়াত করতে পারবে। টাউন, কাউন্টি ও স্টেট সরকারের ইতিবাচক অংশীদারিত্বের এটি একটি দারুণ উদাহরণ।"

কেপ ভিনসেন্ট গ্রামের মেয়র জেরি গোল্ডেন বলেন, "কেপ ভিনসেন্ট গ্রাম অত্যন্ত ভাগ্যবান যে এটি নিউ ইয়র্ক স্টেট (New York State, NYS) REDI প্রকল্পের মাধ্যমে তহবিল লাভ করেছে যা আমাদের পানিসংলগ্ন এলাকায় অতি প্রয়োজনীয় মেরামত কাজ শেষ করবে। প্রকল্পগুলিকে অগ্রসর হয়ে সম্পূর্ণ হওয়ার দিকে এগিয়ে যেতে দেখা খুবই আনন্দের। কেপ ভিনসেন্ট টাউনে প্রকল্পগুলিকে অগ্রসর হতে দেখে গ্রামের বোর্ড এবং আমি খুবই আনন্দিত। কাউন্টি রোড 6 এর কাজের পরিকল্পনা অত্যন্ত জরুরি কারণ এই রাস্তায় শুধু আমাদের সম্প্রদায় যাতায়াত করে না বরং প্রতি বছর আমাদের সম্মান জানাতে আসা হাজার হাজার পর্যটকও এটি ব্যবহার করে। বহু সংখ্যক প্রকল্পে গ্রাম ও টাউন একসাথে কাজ করে এবং আরো একটিকে সম্মুখে অগ্রসর হতে দেখে আমার খুব ভালো লাগছে। আজকে শেষ হওয়া কাজ আমাদের মূল্যবান পানিসংলগ্ন এলাকাকে সুরক্ষিত রাখবে যাতে ভবিষ্যতে অনেকদিন পর্যন্ত সবাই এটি উপভোগ করতে পারে। এই প্রক্রিয়ার মাধ্যমে আমাদের সম্প্রদায়সমূহকে সাহায্য করতে জড়িত সবাইকে আমি ধন্যবাদ জানাতে চাই।"

লেক অন্টারিও ও সেইন্ট লরেন্স নদীর উপকূলে দীর্ঘদিন যাবৎ বারবার বন্যা হওয়ার প্রত্যুত্তরে, নিউ ইয়র্ক স্টেট উপকূলের সম্প্রদায়ের স্থিতিশীলতা বৃদ্ধি করতে এবং এই অঞ্চলে অর্থনৈতিক বিকাশ মজবুত করতে REDI গঠন করেছে। স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ অবকাঠামো ও অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা চিন্তা চিহ্নিত করার জন্য আটটি কাউন্টির (নায়াগ্রা ও অর্লিন্স, মনরো, ওয়েইন, ক্যাইয়ুগা ও ওসওয়েগো, এবং জেফারসন ও সেইন্ট লরেন্স) প্রতিনিধি নিয়ে পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি গঠন করা হয়েছিল।

REDI কমিশন বাড়ির মালিকদের সহায়তার জন্য 20 মিলিয়ন ডলার, ব্যবসার স্থিতিস্থাপকতা উন্নত করার জন্য 30 মিলিয়ন ডলার এবং আঞ্চলিক ড্রেজিং প্রচেষ্টার জন্য 15 মিলিয়ন ডলার বরাদ্দ করেছে যা REDI অঞ্চলের আটটি কাউন্টির প্রতিটিকে উপকৃত করবে। অবশিষ্ট 235 মিলিয়ন মার্কিন ডলার, স্থানীয় ও আঞ্চলিক প্রকল্পগুলির জন্য বরাদ্দ করা হয়েছে যা REDI মিশনের দৃষ্টান্ত স্থাপন করে এবং এটিকে অগ্রসর করে।

2019 সালের বসন্তে স্টেটের REDI প্রকল্প সৃষ্টির পর থেকে, 134টি REDI অর্থায়িত স্থানীয় ও আঞ্চলিক প্রকল্পের কাজ চলছে, যার মধ্যে 87টি নকশা পর্যায়ে, 21টি নির্মাণ পর্যায়ে, এবং 26টি প্রকল্প শেষ হয়েছে।

আরো তথ্য, প্রকল্প প্রোফাইল এবং REDI সংবাদের জন্য এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন